



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/২১০/রেজি:/৯৪৫

তারিখ : ৩০/১২/২০২১

বিষয় : ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অনলাইনে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের বিভাগ পরিবর্তন, বিষয়, ছবি, অন্যান্য তথ্য সংশোধন ও বাদপড়া শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক/স্কুল এন্ড কলেজ) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতিপূর্বে শেষ হয়েছে। কোভিড- ১৯ মহামারির কারণে যে সমস্ত শিক্ষার্থী রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে পারেনি বা অন্য কোন কারণে বাদ পড়েছে এবং বোর্ড পরিবর্তন করে অত্র বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে। এধরনের বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন, বিষয় ও বিভাগ পরিবর্তন এবং পূর্বে দাখিলকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় সংশোধন করার সুযোগ দেয়া হলো।

২। উক্ত কার্যক্রমসমূহ আগামী ১৫/০১/২০২২ তারিখের মধ্যে অনলাইনে সংশোধন করতে হবে এবং বাদপড়া শিক্ষার্থীদেরও (নির্ধারিত খাতে সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে হবে) রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
নিম্ন ফি-এর হার দেয়া হলো :

শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি (পূর্বের ন্যায়)	: ১৬৩/-
শিক্ষার্থী প্রতি বিভাগ পরিবর্তন ফি	: ৫০০/-
শিক্ষার্থী প্রতি বিষয় সংশোধন	: ১০০/-

উল্লেখ্য, বর্ণিত তারিখের পর পরবর্তীতে কোন অবস্থাতেই উক্তরূপ সংশোধন এবং বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করার সুযোগ দেয়া হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন/সংশোধন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভুঁঁঁা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

ফোন : ৫৮৬১০০৬৯

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান
(মাধ্যমিক/স্কুল এন্ড কলেজ)

মেমো নং: ৯৪৫(৬)

তারিখ: ৩০/১২/২০২১

অনুলিপি :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। উপপরিচালক (হিঁচ ও নিঁচ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
- ৫। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।